গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-২
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫৩.২২.০০১.২০-৩৯

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৭ / ০৭ ডিসেম্বর ২০২০

বিষয় : অগ্নি প্রতিরোধ ও নির্বাপন (সংশোধিত) বিধিমালা, ২০২০ প্রণয়ন সংক্রান্ত।
সূত্র : ফায়ার সার্ভিস অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৭.৩৪.১৫৪.১৪-১১৫১৬, তারিখ: ৩০/০৯/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিদ্যমান "অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিধিমালা, ২০১৪" সংশোধনপূর্বক "অগ্নি প্রতিরোধ ও নির্বাপন (সংশোধিত) বিধিমালা, ২০২০" নামে একটি খসড়া বিধিমালা প্রণয়ন করা হয়েছে। খসড়া বিধিমালার বিষয়ে আগামী ২৫/১২/২০২০ তারিখের মধ্যে অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর মতামত প্রদানের লক্ষ্যে বর্ণিত খসড়া বিধিমালাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৭/১২/২০২০
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব
E-mail: fire2@ssd.gov.bd

প্রোগ্রামার
আইসিটি সেল
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি:

০১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

| ক্র নং | দ্রব্যের (দাহ্যবস্তুর) নাম | মালগুদাম আয়তন | অগ্নি নিরাপত্তা মানক্রম (কলাম ৬ থেকে গৃহীত) | মালগুদাম ফিস (টাকায়) | কারখানা আয়তন | অগ্নি নিরাপত্তা মানক্রম (কলাম ৬ থেকে গৃহীত) | কারখানা ফিস (টাকায়) | অগ্নি নিরাপত্তা মান-এর তালিকা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| (৩) | **ক। প্রাণীজ তৈল ও তৈলজাত দ্রব্য**–<br>(১) কর্ড লিভার অয়েল (২) লারড অয়েল (৩) ঘি (৪) মাখন (৫) ট্যালো (৬) মার্জারিন এবং মার্জারিনজাত দ্রব্য সামগ্রী।<br>**খ। উদ্ভিজ্জ তৈল**– (১) ক্যাস্টর অয়েল (২) জলপাই তৈল (৩) পাম অয়েল (৪) সরিষার তৈল (৫) কার্পাস তৈল (৬) কর্ন অয়েল (৭) তিসির তৈল (৮) রয়নার তৈল (৯) সয়াবিন তৈল (১০) সূর্যমুখী তৈল (১১) নারিকেল তৈল (১২) তিলের তৈল ও (১৩) অন্যান্য ভোজ্য তৈলজাত দ্রব্য সামগ্রী।<br>**গ। শষ্য দানা ও খৈল**– (১) সরিষা (২) তিসি ও তিল (৩) খৈল (৪) শষ্য বীজজাত দ্রব্য সামগ্রী।<br>**ঘ। মোম, চর্বি**–<br>(১) মোম (২) কাঠ মোম (৩) চর্বি ও চর্বিজাত দ্রব্যাদি (৪) স্টিয়াটের এবং (৫) স্টিয়ারেট দ্বারা প্রস্তুতকৃত দ্রব্য সামগ্রী।<br>**ঙ। খনিজ দ্রব্যের নির্যাস**– (১) কোক ও কয়লা (২) বিটুমিন (৩) আলকাতরা (৪) পিচ (৫) চারকোল এবং সম পর্যায়ের দ্রব্য সামগ্রী।<br>**চ। প্লাস্টিক ও প্লাস্টিকজাত দ্রব্য সামগ্রী**– (১) পস্নাস্টিক ও পস্নাস্টিকজাত দ্রব্য (২) রেকসিন ও রেকসিন জাত দ্রব্য (৩) ফ্লোর ম্যাট/ওয়ালম্যাট (৪) পস্নাস্টিক বোর্ড (৫) পলি ভিনাইল ক্লোরাইড (পিভিসি), সেলোফিন এবং সমপর্যায়ের দ্রব্য সামগ্রী।<br>ছ। **তরল জ্বালানি-**\| (১) অকটেন (২) পেট্রোল (৩) ডিজেল (৪) কেরোসিন (৫) প্যারাফিন ও প্যারাফিন ওয়াক্স (৬) লুব অয়েল (৭) তরপিন (৮) তরলায়িত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) (৯) রূপান্তরিত প্রাকৃতি গ্যাস (সিএনজি) (১০) পেট্রোলিয়ামজাত জেলি (১১) জেট ফিউয়েল জাত দ্রব্যসামগ্রী। | ক) অনূর্ধ্ব ১৫০ বর্গফুট | ১ | ১৫০০/- | ক) অনূর্ধ্ব ১৫০ বর্গফুট | ১ | ১৫০০/- | |
| | | খ) ১৫১-৫০০ বর্গফুট | ১ | ২৫০০/- | খ) ১৫১-৫০০ বর্গফুট | ১ | ২৫০০/- | |
| | | গ) ৫০১-১০০০ বর্গফুট | ১ | ৪০০০/- | গ) ৫০১-১০০০ বর্গফুট | ১ | ৪০০০/- | |
| | | ঘ) ১০০১-৩০০০ বর্গফুট | ১, ২, ৩ | ৫০০০/- | ঘ) ১০০১-৩০০০ বর্গফুট | ১, ২, ৩ | ৫০০০/- | |
| | | ঙ) ৩০০১-৬০০০ বর্গফুট | ১, ২, ৩, ৪, ৫, ৬ | ৬০০০/- | ঙ) ৩০০১-৬০০০ বর্গফুট | ১, ২, ৩, ৪, ৫, ৬ | ৬০০০/- | |
| | | চ) ৬০০১-১২০০০ বর্গফুট | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯ | ৭০০০/- | চ) ৬০০১-১২০০০ বর্গফুট | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯ | ৭০০০/- | |
| | | ছ) ১২০০১-২০,০০০ বর্গফুট | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯ | ১০,০০০/- | ছ) ১২০০১-২০,০০০ বর্গফুট | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯ | ১০,০০০/- | |
| | | জ) ২০,০০১ - ৩০,০০০ বর্গফুট | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯ | ১৫,০০০/- | জ) ২০,০০১ - ৩০,০০০ বর্গফুট | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯ | ১৫,০০০/- | |
| | **ক। প্রাণীজ তৈল ও তৈলজাত দ্রব্য**–<br>(১) কর্ড লিভার অয়েল (২) লারড অয়েল (৩) ঘি (৪) মাখন (৫) ট্যালো (৬) মার্জারিন এবং মার্জারিনজাত দ্রব্য সামগ্রী।<br>**খ। উদ্ভিজ্জ তৈল**– (১) ক্যাস্টর অয়েল (২) জলপাই তৈল (৩) পাম অয়েল (৪) সরিষার তৈল (৫) কার্পাস তৈল (৬) কর্ন অয়েল (৭) তিসির তৈল (৮) রয়নার তৈল (৯) সয়াবিন তৈল (১০) সূর্যমুখী তৈল (১১) নারিকেল তৈল (১২) তিলের তৈল ও (১৩) অন্যান্য ভোজ্য তৈলজাত দ্রব্য সামগ্রী।<br>**গ। শষ্য দানা ও খৈল**– (১) সরিষা (২) তিসি ও তিল (৩) খৈল (৪) শষ্য বীজজাত দ্রব্য সামগ্রী।<br>**ঘ। মোম, চর্বি**–<br>(১) মোম (২) কাঠ মোম (৩) চর্বি ও চর্বিজাত দ্রব্যাদি (৪) স্টিয়াটের এবং (৫) স্টিয়ারেট দ্বারা প্রস্তুতকৃত দ্রব্য সামগ্রী।<br>**ঙ। খনিজ দ্রব্যের নির্যাস**– (১) কোক ও কয়লা (২) বিটুমিন (৩) আলকাতরা (৪) পিচ (৫) চারকোল এবং সম পর্যায়ের দ্রব্য সামগ্রী।<br>**চ। প্লাস্টিক ও প্লাস্টিকজাত দ্রব্য সামগ্রী**– (১) পস্নাস্টিক ও পস্নাস্টিকজাত দ্রব্য (২) রেকসিন ও রেকসিন জাত দ্রব্য (৩) ফ্লোর ম্যাট/ওয়ালম্যাট (৪) পস্নাস্টিক বোর্ড (৫) পলি ভিনাইল ক্লোরাইড (পিভিসি), সেলোফিন এবং সমপর্যায়ের দ্রব্য সামগ্রী।<br>ছ। **তরল জ্বালানি-**\| (১) অকটেন (২) পেট্রোল (৩) ডিজেল (৪) কেরোসিন (৫) প্যারাফিন ও প্যারাফিন ওয়াক্স (৬) লুব অয়েল (৭) তরপিন (৮) তরলায়িত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) (৯) রূপান্তরিত প্রাকৃতি গ্যাস (সিএনজি) (১০) পেট্রোলিয়ামজাত জেলি (১১) জেট ফিউয়েল জাত দ্রব্যসামগ্রী। | ঝ) ৩০,০০১-৫০,০০০ বর্গফুট | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯ | ২০,০০০/- | ঝ) ৩০,০০১-৫০,০০০ বর্গফুট | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯ | ২০,০০০/- | |
| | | (ঞ)৫০০০০ - এর উর্ধ্বে | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯ | ২৫,০০০ (ফিলিং ও সিএনজি স্টেশন এর ক্ষেত্রে দুটি গ্যাস/ তরল জ্বালানি সরবরাহ মেশিন-এর জন্য ৫০০০ টাকা এবং এর অতিরিক্ত প্রতিটির জন্য অতিরিক্ত ২০০০ টাকা করে ফিস ধার্য হইবে।) | (ঞ)৫০০০০ - এর উর্ধ্বে | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯ | ২৫,০০০ (ফিলিং ও সিএনজি স্টেশন এর ক্ষেত্রে দুটি গ্যাস/ তরল জ্বালানি সরবরাহ মেশিন-এর জন্য ৫০০০ টাকা এবং এর অতিরিক্ত প্রতিটির জন্য অতিরিক্ত ২০০০ টাকা করে ফিস ধার্য হইবে।) | |
| | | | | | | | | |

| ক্র নং | দ্রব্যের (দাহ্যবস্তুর) নাম | মালগুদাম আয়তন | অগ্নি নিরাপত্তা মানক্রম | মালগুদাম ফিস (টাকায়) | কারখানার আয়তন | অগ্নি নিরাপত্তা মানক্রম | কারখানার ফিস (টাকায়) | অগ্নি নিরাপত্তা মান-এর তালিকা |
|---|---|---|---|---|---|---|---|---|

**শর্তাবলি**

১। অধিদপ্তরের মনোনীত অফিসার বা অফিসারগণ কর্তৃক পরিদর্শনের নিমিত্ত মালগুদাম বা কারখানা সাধারণ ভাবে সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত তবে বিশেষ প্রয়োজনে যেকোন সময় পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখিতে হইবে;

২। কোন মালগুদাম বা কারখানার উপরে বা ছাদে পূর্ণ বা আংশিকভাবে দ্রব্যাদি তৈয়ার, প্রস্তুত, শুকানো অথবা অন্য কোন প্রকারে ব্যবহার করা চলিবে না। ছাদ সম্পূর্ণরূপে উন্মুক্ত রাখিতে হইবে।

৩। মালগুদাম ও কারখানায় বাসস্থান বা রান্নাঘর স্থাপন, ধূমপান বা খোলা বাতি (কুপি বাতি, মমবাতি, দিয়াশলাই/দিয়াশলাই শলাকা ইত্যাদি) ব্যবহার করা যাইবে না।

৪। মালগুদাম বা কারখানায় কর্মরত ন্যূনতম ১৮ শতাংশ কর্মকর্তা-কর্মচারীকে অগ্নি নির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও দ্রুত লোক অপসারণের বিষয়ে অধিদপ্তর হইতে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে এবং অবশিষ্ট সকলকে অগ্নিকাণ্ড সম্পর্কিত মহড়ায় নিয়মিত অংশগ্রহণ এবং এই কাজে দক্ষতা অর্জন করিতে হইবে;

৫। অগ্নি নিরাপত্তার স্বার্থে প্রতি মাসে একবার অগ্নি নির্বাপণ, লোক অপসারণ, আহতসেবা ও উদ্ধার বিষয়ক মহড়া (Fire Drill) করিতে হইবে। নতুন ভবনের ক্ষেত্রে প্রথম ২ বৎসর বছরে ন্যূনপক্ষে ০৪ বার এবং দুই বছরের অধিক পুরোনো ভবনের ক্ষেত্রে বছরে ন্যূনপক্ষে দুইবার ফায়ার ড্রিলে স্থানীয় ফায়ার সার্ভিসের প্রতিনিধি উপস্থিত রাখিতে হইবে এবং এতদসংক্রান্ত বিষয়ে রেকর্ড সংরক্ষণ করিতে হইবে;

৬। মালগুদাম বা কারখানায় বিএনবিসি এবং এই বিধিমালার ত্রয়োদশ তফসিলে বর্ণিত 'অগ্নি নিরাপত্তা বিষয়ক সাধারণ ব্যবস্থাদি' (যেখানে যাহা প্রযোজ্য) বাস্তবায়ন করিতে হইবে। এ লক্ষ্যে অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ এবং উদ্ধার সরঞ্জাম ও ব্যবস্থাদি সংরক্ষণ ও কার্যক্ষম রাখিতে হইবে;

৭। উপরোল্লিখিত শর্তাবলি ছাড়াও অন্য কোন শর্ত মহাপরিচালক কর্তৃক বিবেচিত এবং লাইসেন্সধারীকে অবহিত করা হইলে তাহাও বাস্তবায়ন করিতে হইবে।

৮।..........................................................................................................................................

৯।..........................................................................................................................................

১০।........................................................................................................................................

১১।........................................................................................................................................

## ত্রয়োদশ তফসিল

### অগ্নি নিরাপত্তা বিষয়ক সাধারণ ব্যবস্থাদি

১ ফায়ার এক্সটিংগুইশার সংক্রান্ত ব্যবস্থাবলি:-

১.২ ফায়ার এক্সটিংগুইশার স্থাপনের নিয়মাবলি:-

১.২.১ ফায়ার এক্সটিংগুইশার দৃশ্যমান স্থানে স্থাপন করিতে হইবে যেন সকলের দৃষ্টিগোচর হয়;

১.২.২ ফায়ার এক্সটিংগুইশার তৎক্ষণিকভাবে ব্যবহারের জন্য সকল অংশ হইতে প্রবেশযোগ্য স্থানে স্থাপন করিতে হইবে;

১.২.৩ ফায়ার এক্সটিংগুইশার সাধারণত প্রত্যেক ফ্লোরের এক্সিট অথবা স্টেয়ার ল্যান্ডিং-এর নিকটবর্তী স্থানে স্থাপন করিতে হইবে, তবে খেয়াল রাখিতে হইবে যেন কোন অবস্থাতেই জরুরি বহির্গমন ব্যবস্থা বাধাগ্রস্ত না হয়;

১.২.৪. ওয়াল মাউন্টেড ফায়ার এক্সটিংগুইশারসমূহ সাপোর্টিং ওয়াল বা কাঠের,/ধাতব/প্লাস্টিকের তৈরি কেবিনেটে এমনভাবে স্থাপন করিতে হইবে যেন ফায়ার এক্সটিংগুইশারের তলদেশ গ্রাউন্ড লেভেল হইতে ন্যূনতম ৫০০ মি.মি.-এর উপরে হয়;

১.২.৫ প্রত্যেক ফ্লোরের একই স্থানে ফায়ার এক্সটিংগুইশার স্থাপন করাকে প্রাধিকার দিতে হইবে;

১.২.৬ ভবনের অগ্নি ঝুঁকিপূর্ণ এলাকা যেমন রান্নাঘর, গুদাম, বৈদ্যুতিক বিভাজন পয়েন্ট, দাহ্যবস্তু সংরক্ষিত এলাকা ইত্যাদি স্থানে ফায়ার এক্সটিংগুইশার স্থাপন করিতে হইবে;

১.২.৭ ফায়ার এক্সটিংগুইশার সংরক্ষিত এলাকা সকলের কাছে দৃশ্যমান করিবার জন্য এর পেছনের দেয়াল বা সারফেসে হলুদ-লাল রঙের জেব্রা ক্রসিং চিহ্নিত করিতে হইবে;

১.২.৮ ফায়ার এক্সটিংগুইশার সংরক্ষিত এলাকা দৃষ্টির আড়াল হয়ে যায় বা গমনাগমনে বাধা তৈরি হয় এমনভাবে কোনো মালামাল মজুদ করা যাইবে না বা কর্মএলাকা নির্ধারণ করা যাইবে না;

১.২.৯ ফায়ার এক্সটিংগুইশার স্থাপনের জন্য বর্ণিত নিয়মগুলো অগ্নি নিরাপত্তার লক্ষ্যে স্থাপিত সকল সাজসরঞ্জাম স্থাপনের ক্ষেত্রেও (যেখানে প্রযোজ্য) অনুসরণ করিতে হইবে।

১.৩ ফায়ার এক্সটিংগুইশার পুনঃভর্তি/পরিবর্তনের নিয়মাবলি:-

১.৩.১ ড্রাই কেমিক্যাল পাউডার (ডিসিপি) ফায়ার এক্সটিংগুইশার প্রতি বছর অন্তর অথবা স্বীকৃত ম্যানুফ্যাকচার কোম্পানির নির্দেশনা মতো পুনঃভর্তি করিতে হইবে। তবে প্রতি মাসে অন্তত একবার পরীক্ষা করিয়া নিম্নবর্ণিত ত্রুটি-বিচ্যুতি দেখা দিলে তাৎক্ষণিকভাবে পুনঃভর্তি/পরিবর্তন করিতে হইবে:-

(ক) সিলিন্ডারে মরিচা বা অন্য কোন ত্রুটি দেখা দিলে;

(খ) গ্যাস কার্টিজ টাইপ এক্সটিংগুইশারে কার্টিজের ওজন ১০%-এর অধিক কমিয়া গেলে;

(গ) স্টোরড প্রেশার টাইপে প্রেশারাইজড গ্যাস বের হয়ে গেলে অথবা মনোমিটারে ত্রুটি দেখা দিলে বা মনোমিটারের কাঁটা সবুজ সংকেতে না থাকিলে;

(ঘ) নজল ও হোজ পাইপে ত্রুটি দেখা দিলে;

(ঙ) সিলিন্ডারের ভিতরে পাউডার জমাট বাঁধিয়া গেলে।

১.৩.২ সিওটু ফায়ার এক্সটিংগুইশার প্রতি ৩ (তিন) বছর অন্তর অথবা স্বীকৃত ম্যানুফ্যাকচার কোম্পানির নির্দেশনা মতো পুনঃভর্তি করিতে হইবে। তবে প্রতি মাসে অন্তত একবার পরীক্ষা করিয়া নিম্নবর্ণিত ত্রুটি-বিচ্যুতি দেখা দিলে তাৎক্ষণিকভাবে পুনঃভর্তি/পরিবর্তন করিতে হইবে:-

(ক) সিলিন্ডারের ওজন মোট ওজনের ১০%-এর বেশি কমিয়া গেলে (এটি নিশ্চিত করিতে প্রথম স্থাপনের সময় সিলিন্ডারের ওজন রেজিস্টারে লিখিয়া রাখিতে হইবে।)

(খ) হর্ন ও হোজ পাইপে ত্রুটি দেখা দিলে।

১.৩.৩ ফোম টাইপ ফায়ার এক্সটিংগুইশার প্রতি বছর অন্তর পুনঃভর্তি/পরিবর্তন করিতে হইবে। তবে প্রতি মাসে অন্তত একবার পরীক্ষা করিয়া নিম্নবর্ণিত ত্রুটি-বিচ্যুতি দেখা দিলে তাৎক্ষণিকভাবে পুনঃভর্তি/পরিবর্তন করিতে হইবে:-

(ক) সিলিন্ডারে মরিচা পড়িলে বা অন্য কোন ত্রুটি দেখা দিলে;

(খ) গ্যাস কার্টিজ টাইপ এক্সটিংগুইশারে কার্টিজের ওজন ১০%-এর বেশি কমিয়া গেলে;

(গ) স্টোরড প্রেশার টাইপে প্রেশারাইজড গ্যাস বাহির হইয়া গেলে অথবা মনোমিটারে ত্রুটি দেখা দিলে অথবা মনোমিটারের কাঁটা সবুজ সংকেতের বামে অবস্থান করিলে;

(ঘ) নজল ও হোজপাইপে ত্রুটি দেখা দিলে।

২ অগ্নি প্রতিরক্ষায় প্রয়োজনীয় পানি প্রবাহ ব্যবস্থা:-

২.১ লাইট হ্যাজার্ড-১ এর ভবনে স্প্রিংকলার/ রাইজার/ হোজরিল ব্যবস্থার ক্ষেত্রে প্রতি মিনিটে ১০০০ লিঃ হিসাবে ৩০ মিনিট পর্যন্ত পানি প্রবাহ নিশ্চিতকরণ;

২.২ লাইট হ্যাজার্ড-২ এর ভবনে স্প্রিংকলার/ রাইজার/হোজরিল ব্যবস্থার ক্ষেত্রে প্রতি মিনিটে ১৯০০ লিঃ হিসাবে ৫০ মিনিট পর্যন্ত পানি প্রবাহ নিশ্চিতকরণ।

২.৩অর্ডিনারি হ্যাজার্ড-১ এর ভবনে স্প্রিংকলার ব্যবস্থার ক্ষেত্রে প্রতি মিনিটে ২৬৫০ লিঃ এবং রাইজার/ হোজরিল ব্যবস্থার ক্ষেত্রে প্রতি মিনিটে ১৯০০ লিঃ হিসাবে ৭৫ মিনিট পর্যন্ত পানি প্রবাহ নিশ্চিতকরণ;

২.৪ অর্ডিন্যারি হ্যাজার্ড-২ এর ভবনে স্প্রিংকলার ব্যবস্থার ক্ষেত্রে প্রতি মিনিটে ৩২০০ লিঃ এবং রাইজার/ হোজরিল ব্যবস্থার ক্ষেত্রে প্রতি মিনিটে ১৯০০ লিঃ হিসাবে ৭৫ মিনিট পর্যন্ত পানি প্রবাহ নিশ্চিতকরণ;

২.৫ অর্ডিনারি হ্যাজার্ড-৩ এর ভবনে স্প্রিংকলার ব্যবস্থার ক্ষেত্রে প্রতি মিনিটে ৪৮০০ লিঃ এবং রাইজার/ হোজরিল ব্যবস্থার ক্ষেত্রে প্রতি মিনিটে ১৯০০ লিঃ হিসাবে ৭৫ মিনিট পর্যন্ত পানি প্রবাহ নিশ্চিতকরণ;

২.৬ হাই হ্যাজার্ড (এক্সট্রা হ্যাজার্ড) এর ভবনের ক্ষেত্রে পানির প্রেশার এবং প্রয়োজনীয় পানির প্রবাহ বিষয়ে মহাপরিচালক সিদ্ধান্ত প্রদান করিবেন। তবে উক্ত ব্যবস্থা অর্ডিন্যারি হ্যাজার্ড-৩ এর চাইতে কম হইবে না;

২.৭ এই পানির পরিমাণ একটি রাইজারের মাধ্যমে ১০০০ বর্গমিটার ফ্লোর এরিয়ার জন্য প্রযোজ্য হইবে। এই পানি প্রবাহের স্থায়িত্ব ৫১ মিটার উচ্চতার ভবনের ক্ষেত্রে প্রযোজ্য। তবে ৫২ মিটার হইতে ১০২ মিটার পর্যন্ত এবং ১০২ মিটারের চেয়ে উঁচু ভবনের ক্ষেত্রে পানি প্রবাহের স্থায়িত্ব যথাক্রমে ১.২৫ গুণ এবং ১.৫০ গুণ নির্ধারিত হইবে।

(বিঃদ্রঃ হ্যাজার্ডভিত্তিক ভবনের শ্রেণিবিন্যাস বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুযায়ী নির্ধারিত হইবে। নতুন স্থাপনার ক্ষেত্রে উপর্যুক্ত বিধি প্রযোজ্য হইবে। বিদ্যমান সকল ধরনের অকুপেন্সি গ্রুপের স্থাপনার ক্ষেত্রে পানি প্রবাহের উপরোল্লিখিত সময়কাল ৩০ মিনিট বিবেচনা করা হইবে। স্প্রিংকলার ও রাইজার/ হোজরিল ব্যবস্থা উভয়ই বিদ্যমান থাকিলে শুধু স্প্রিংকলার-এর জন্য নির্ধারিত সর্বোচ্চ পানি প্রবাহ নিশ্চিত করিতে হইবে।)

২.৮ অগ্নি প্রতিরক্ষার জন্য পানির উৎস:- নিম্নলিখিত পানির উৎসের এক বা একাধিক ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে, যাহার সহিত সরাসরি সংযোগ এমনভাবে থাকিতে হইবে, যাহাতে এই কোডে উল্লেখিত পানি প্রবাহের শর্ত পূরণ করে:-

(ক) ওয়াটার মেইন-এর সাথে সরাসরি সংযোগ

(খ) রুফ গ্রাভিটি ট্যাংক

(গ) আন্ডারগ্রাউন্ড/গ্রাউন্ড স্টোরেজ ট্যাংক

(ঘ) গভীর নলকূপ, পুকুর, প্রাকৃতিক পানির যে কোন উৎস, যে কোন রিজার্ভার, সাঁতারের জন্য ব্যবহৃত জলাধার ইত্যাদি বিবেচনা করা যাইবে।

২.৯ স্প্রিংকলার/হাইড্রেন্ট/রাইজার/ওয়াটার স্প্রে প্রজেক্টর/হাই ভেলোসিটি ওয়াটার প্রজেক্টর/ হোজরিল ব্যবস্থায় মেইন পাম্প (ডিজেল/বিদ্যুৎ চালিত), স্ট্যান্ডবাই পাম্প (নিজস্ব জেনারেটরসহ) ও জকি পাম্প সংরক্ষণ করিতে হইবে।

২.১০ উপরিউক্ত পানি প্রবাহ ব্যবস্থার বিষয়ে অমীমাংসিত প্রশ্নের সমাধানের জন্য প্রচলিত বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুসরণ করিতে হইবে।

৩ শিল্প কারখানা, অন্যান্য বহুতল ও বাণিজ্যিক ভবনে বয়লার, জেনারেটর, বৈদ্যুতিক সাব-স্টেশন/ট্রান্সফরমার স্থাপন:-

৩.১ বিএনবিসি এবং এ সংক্রান্ত প্রচলিত আইন ও বিধিমালার ব্যবস্থাদি অনুসরণে স্থাপন করিতে হইবে;

৩.২ সাব-স্টেশন স্থাপন করিবার পূর্বে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স হইতে অনাপত্তি সনদ গ্রহণ করিতে হইবে;

৩.৩ বয়লার, জেনারেটর, সাব-স্টেশন ইত্যাদি পরিচালনার জন্য দক্ষ জনবল নিয়োজিত করিতে হইবে;

৩.৪ বয়লার, জেনারেটর, সাব-স্টেশন গ্রাউন্ড ফ্লোরে প্রিমিসেসের ভিতর আলাদা ভবনে আলাদা আলাদা কক্ষে স্থাপন করিতে হইবে;

৩.৫ বয়লার রুমে ৪ ঘন্টা ফায়ার রেটেড (আরসিসি) দেয়াল ও আরসিসি ছাদ নির্মাণ করে তন্মধ্যে বয়লার স্থাপন করতে হবে। প্রবেশপথে ২ ঘন্টা ফায়ার রেটেড দরজা স্থাপন করতে হবে। বয়লার রুম জরুরি নির্গমন পথের নিকটবর্তী এবং জনসাধারণের চলাচল আছে এমন জায়গায় স্থাপন করা যাবে না; পাশাপাশি ২টি বয়লারের মাঝে ০২ ঘন্টা ফায়ার রেটেড সেপারেশন দেয়াল নির্মাণ করতে হবে। বয়লার রুমে বাতাস চলাচলের জন্য ভেন্টিলেশনের ব্যবস্থা রাখিতে হইবে;

৩.৬ তেলপূর্ণ ট্রান্সফরমার গ্রাউন্ড লেভেলের উপরে স্থাপন করা যাইবে না;

৩.৭ বৈদ্যুতিক সাব-স্টেশন, ট্রান্সফরমার ও সুইচ গিয়ার কক্ষে ৪ ঘণ্টা ফায়ার রেটেড ওয়াল ও ২ ঘণ্টা ফায়ার রেটেড অটো এনক্লোজার ডোর স্থাপন করিতে হইবে। ট্রান্সফরমার ও সুইচ গিয়ার কক্ষ সম্পূর্ণ আলাদা হইবে এবং কক্ষ দুইটি ২ ঘন্টা ফায়ার রেটেড ওয়াল/ ফায়ার ডোর দ্বারা পৃথক হইতে হইবে;

৩.৮সাব-স্টেশন কক্ষের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সংখ্যক ভেন্টিলেটর বা এক্সজস্ট ফ্যান স্থাপন করিতে হইবে এবং হাই টেনশন (এইচটি)-কেবল ড্রেন শুকনো বালু দ্বারা ভর্তি করিতে এবং তাহার উপরে অগ্নি নিরোধক সামগ্রীর স্লাব বসাইতে হইবে।

৪ মালগুদামের অভ্যন্তরে বিদ্যুৎ সংযোগ স্থাপনের শর্তাবলি:-

৪.১ ওয়্যারহাউজে ব্যবহৃত Power Cable-এর ক্ষেত্রে ন্যূনতম Flame Retardent (FR) ক্যাবল ব্যবহার করিতে হইবে;

৪.২ ওয়্যারহাউজে সিলিং-এ কোন উন্মুক্ত বাতি (Naked Lamp) ব্যবহার করা যাইবে না;

৪.৩ ওয়্যারহাউজে SDB/Switch Board ওয়্যারহাউজের বাইরের দেওয়ালে স্থাপন করিতে হইবে;

৪.৪ ওয়্যারহাউজে Surface Wiring করার সময় Metalic Conduit ব্যবহার করিতে হইবে অথবা Concealed Wiring ব্যবহার করিতে হইবে;

৪.৫ ওয়্যারহাউজ Automatic Fire Detection ও Alarm System-এর আওতায় থাকিতে হইবে;

৪.৬ ওয়্যারহাউজের অভ্যন্তরে ব্যবহৃত বৈদ্যুতিক সাজ-সরঞ্জামাদির মান BDS (Bangladesh Standard)/IEC (International Electro-technical Commission) স্ট্যান্ডার্ড অনুযায়ী হইতে হইবে;

৪.৭ ওয়্যারহাউজের অভ্যন্তরে বৈদ্যুতিক সাজ-সরঞ্জামাদি স্থাপনের কাজ প্রচলিত BNBC অনুযায়ী বৈদ্যুতিক লাইসেন্সধারী ব্যক্তি/প্রতিষ্ঠান দ্বারা করাইতে হইবে এবং এর কার্যকারিতা বছরে কমপক্ষে একবার কোন স্বীকৃত প্রতিষ্ঠান দ্বারা যাচাই করাইতে হইবে।

৫ মালগুদামে মালামাল সংরক্ষণ:-

৫.১ মালগুদাম হিসাবে ব্যবহৃত ভবনের অভ্যন্তরে মালামাল সেপারেশন, সেগ্রিগেশন ও আইসোলেশন ব্যবস্থায় সংরক্ষণ করিতে হইবে। এ ক্ষেত্রে সরকারের প্রচলিত অপরাপর আইন ও বিধি মানিয়া চলিতে হইবে।

৫.২ দেয়াল থেকে অন্যূন ১৮ ইঞ্চি দূরে মালামাল সংরক্ষণ করিতে হইবে;

৫.৩ মালামাল পাটাতন ও র‌্যাকে সংরক্ষণ করিতে হইবে;

৫.৪ মালগুদামের মাঝখানে গ্যাংওয়ে থাকিবে এবং গ্যাংওয়ের প্রশস্ততা হইবে ন্যূনতম ৬ ফিট। ইহা ছাড়া উভয় র‍্যাকের মাঝে ন্যূনতম ৩৬ ইঞ্চি ফাঁকা রাখিতে হইবে;

৫.৫ অক্সিডাইজিং, অতি দাহ্যশীল এবং বিপজ্জনক দাহ্যশীল পদার্থ ও রাসায়নিক দ্রব্যসমূহ প্রতিটি পৃথক পৃথক কক্ষে নির্ধারিত তাপমাত্রায় সংরক্ষণ করিতে হইবে এবং প্রতিটি কক্ষ বিধি অনুযায়ী ভেন্টের ওপেনিং স্থাপন ও পর্যাপ্ত ভেন্টিলেশন ব্যবস্থা থাকিতে হইবে;

৫.৬ গুদামে সংরক্ষিত মালামালের স্তূপ বা স্টক-এর উচ্চতা ছাদ হইতে ৩ ফুট নিচে অথবা স্প্রিংকলার হেড হইতে ন্যূনতম ১৮ ইঞ্চি নিচে থাকিবে;

৫.৭ গুদামের অভ্যন্তরে মেইন ওপেনিংয়ে বা প্রবেশদ্বারের নিকটবর্তী ২০X২০ (৪০০) বর্গফুট জায়গা খালি রাখিতে হইবে;

৫.৮ প্রতিটি গুদামের বাহিরে মালামাল অস্থায়ী সংরক্ষণের জন্য পর্যাপ্ত জায়গা থাকিতে হইবে;

৫.৯ গুদামের কোন অংশ অফিস, মালামাল যাচাই কক্ষ, রান্না কক্ষ বা বসবাস কক্ষ হিসেবে ব্যবহার করা যাইবে না;

৫.১০ গুদামের অভ্যন্তরে স্প্লিট বা উইন্ডো এসি সংযুক্ত করা যাইবে না।

৬ ফায়ার সেফটি প্ল্যান সংরক্ষণ:- বহুতল ভবন (২০ মিটারের অধিক) এবং ফ্লোর এরিয়া ৫০০ বর্গমিটারের অধিক আয়তন বিশিষ্ট শিল্প প্রতিষ্ঠানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে অনুমোদিত ফায়ার সেফটি প্ল্যান সংরক্ষণ করিতে হইবে এবং তাহাতে লিজেন্ডসহ নিম্নলিখিত ব্যবস্থা উল্লেখ করিতে হইবে:-

(১) ভূগর্ভস্থ ও মেজানাইন ফ্লোরসহ ইমারতের সকল তলার ফায়ার ফাইটিং ফ্লোর প্লান ১ : ১০০ স্কেল অনুপাতে অংকন করিতে হইবে;

(২) বিল্ডিং প্ল্যানে উত্তর দিক চিহ্নিত হইতে হইবে;

(৩) ভূমি আচ্ছাদনসহ (কাভার্ড এরিয়া) সকল তলার আলাদা আলাদা ফ্লোর প্লানসহ রুমের আকার ও পরিমাপ, দেয়ালের পুরুত্ব, ফ্রেমিং মেম্বারসহ সিঁড়ি, র‌্যাম্প ও লিফটকোরের অবস্থান চিহ্নিত করিতে হইবে;

(৪) প্ল্যানে ভবনের সকল তলা যে যে ব্যবহার শ্রেণি দ্বারা ব্যবহৃত হইবে তাহার পরিপূর্ণ বিবরণ থাকিতে হইবে;

(৫) প্ল্যানে জরুরি সেবা সার্ভিসসমূহ ও ডাক্টের অবস্থান চিহ্নিত করিতে হইবে;

(৬) প্ল্যানে সকল জরুরি সেবা সার্ভিসের অবস্থান ও সংখ্যা উল্লেখ করিতে হইবে;

(৭) প্ল্যানে বেইজমেন্টের দেয়াল, অন্যান্য দেয়াল, মেঝে এবং ছাদের পুরুত্বসহ নির্মাণ উপকরণ, ফ্রেমিং মেম্বারের পরিমাণসহ কক্ষ ও ওয়ালের উচ্চতা এবং ড্রেন ও ভবনের প্রসারিত অংকনসহ ছাদের স্লোপ এবং সিঁড়ি ঘরের পরিপূর্ণ বর্ণনা থাকিতে হইবে;

(৮) সাইটে প্রবেশের রাস্তার অবস্থান ও প্রশস্ততা চিহ্নিত করিতে হইবে;

(৯) প্রবেশ ও নির্গমনের ফুটপাত এবং গুরুত্বপূর্ণ রাস্তার পরিমাপসহ সকল দিকের বর্ণনা;

(১০) সীমানা প্রাচীরের উচ্চতা ও ধরন;

(১১) প্লটে অগ্নি নির্বাপক গাড়ি প্রবেশ ও পরিপূর্ণ টার্নিং সার্কেলের বর্ণনাসহ প্রবেশ পথ ও প্লটের অভ্যন্তরীণ রাস্তার বর্ণনা;
(১২) করিডোরসহ বিকল্প সিঁড়ির প্রস্থ ও অবস্থানের বর্ণনা;
(১৩) জরুরি নির্গমন সিঁড়ির অবস্থান, ধোঁয়া নিরোধক লবি ও অগ্নি নিরোধক দরজার অবস্থান ও সংখ্যা;
(১৪) ভবনের বিভিন্ন তলায় অবস্থিত রিফিউজ চ্যুট, রিফিউজ চেম্বার ও সার্ভিস ডাক্টের অবস্থান ও সংখ্যার বর্ণনা;
(১৫) ভবনের যানবাহন ও পথচারী প্রবেশ, নির্গমন, ড্রাইভওয়ে, র‍্যাম্প ও গাড়ি পার্কিংয়ের স্থান প্রদর্শনসহ পার্কিং প্লান;
(১৬) রিফিউজ এরিয়া চিহ্নিতকরণ;
(১৭) ভবনের বিল্ডিং সার্ভিস তথা এয়ারকন্ডিশন মেশিন রুম, মেকানিক্যাল ভেন্টিলেশন, ভেন্ট, গ্যাস পাইপ ও বয়লারের অবস্থান ও সংখ্যার (প্রযোজ্য ক্ষেত্রে) বর্ণনা;
(১৮) এক্সিট সাইনসহ এক্সিট মার্কিংয়ের পরিপূর্ণ বর্ণনা;
(১৯) সাব-স্টেশন (ট্রান্সফরমার ও সুইচগিয়ার রুম) এবং জেনারেটর রুমের অবস্থানের বর্ণনা;
(২০) স্মোক এক্সজস্ট সিস্টেম চিহ্নিতকরণ;
(২১) ফায়ার এলার্ম সিস্টেমের ম্যানুয়েল কল পয়েন্ট, এলার্মবেল ও স্ট্রোবের অবস্থান ও সংখ্যার বিবরণ;
(২২) স্মোক ডিটেকটর, হিট ডিটেকটর এবং ডিটেকশন সিস্টেমসহ কন্ট্রোল ও রিপিটার প্যানেল বোর্ড এর সংযোগ বিষয়ে বিস্তারিত বিবরণসহ পিএ সিস্টেমের বর্ণনা;
(২৩) ভবনের অভ্যন্তরে স্থাপিত রাইজার, ড্রেঞ্চার, স্প্রিংকলার ও অন্যান্য স্থায়ী অগ্নি নির্বাপণ ব্যবস্থার বিস্তারিত বর্ণনা ও অবস্থান;
(২৪) ফায়ার সার্ভিস ইনলেট সুবিধাসহ আন্ডারগ্রাউন্ড রিজার্ভারের ধারনক্ষমতা ও ফায়ার ফাইটিং পাম্প হাউজের অবস্থান এবং ওভারহেড রিজার্ভারের ধারনক্ষমতাসহ অবস্থানের বর্ণনা;
(২৫) ভবনের ফায়ার কমান্ড স্টেশনের অবস্থান ও পরিমাপের বর্ণনা;
(২৬) ভবনের লাইটনিং প্রটেকশন সিস্টেমের বর্ণনা;
(২৭) এভিয়েশন লাইটের (প্রযোজ্য ক্ষেত্রে) উচ্চতা, অবস্থান ও সংখ্যা চিহ্নিতকরণ;
(২৮) বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্রের সংখ্যা ও অবস্থান চিহ্নিতকরণ।

৭ প্রশিক্ষিত জনবল সংরক্ষণ:-

৭.১ শিল্প প্রতিষ্ঠানে মোট জনবলের শতকরা ১৮ (আঠারো) জন অগ্নি নির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হইতে প্রশিক্ষিত হইতে হইবে;

৭.২ প্রশিক্ষিতগণকে অগ্নি নির্বাপণকারী দল, উদ্ধারকারী দল ও প্রাথমিক চিকিৎসাকারী দলে বিভাজন করিতে হইবে এবং তাহাদের কর্মকালীন দৃশ্যমান ভিন্ন পোশাক/ভেস্ট পরিহিত অবস্থায় থাকিতে হইবে;

৭.৩ একজন কম্পিটেন্ট ফায়ার সেফটি অফিসার থাকিতে হইবে;

৭.৪ প্রতিষ্ঠানের মোট আয়তন ২০,০০০ (বিশ হাজার) বর্গফুট বা তাহার অধিক কিংবা কর্মরত জনবল ২০০০ বা তাহার অধিক হইলে একজন ফায়ার সেফটি ম্যানেজারসহ সকল সময়ের জন্য অগ্নি নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষিত ন্যূনপক্ষে ৬ জনের একটি দল সংরক্ষণ করিতে হইবে;

৭.৫ প্রতিষ্ঠানের মোট আয়তন ১ লক্ষ বর্গফুট বা তাহার অধিক কিংবা কর্মরত জনবল ৮০০০ বা তাহার অধিক হইলে মোবাইল ফায়ার ইঞ্জিনসহ ন্যূনতম ১২ জনের একটি ডেডিকেটেড অগ্নি নির্বাপক দল সংরক্ষণ করিতে হইবে;

৭.৬ প্রতিষ্ঠানের মোট আয়তন ২ লক্ষ বর্গফুট বা তাহার অধিক হইলে কিংবা একটি কোম্পানির অধীনে একাধিক শিল্প প্রতিষ্ঠান চলমান থাকিলে কিংবা কর্মরত জনবল ১০,০০০ বা তাহার অধিক হইলে সকল প্রতিষ্ঠানের অগ্নি নিরাপত্তা নিশ্চিত করিবার লক্ষ্যে অন্যূন জেনারেল ম্যানেজার (ফায়ার সেফটি) পদমর্যাদার একজন কর্মকর্তা নিয়োগ করিতে হইবে;

৭.৭ একই প্রিমিসেসে অবস্থিত এক বা একাধিক প্রতিষ্ঠানের মোট কর্ম এলাকা সম্মিলিতভাবে ৫ লাখ বর্গফুট বা তাহার অধিক কিংবা কর্মরত জনবল ১৫,০০০ বা তাহার অধিক হইলে সেই প্রতিষ্ঠানের জন্য অগ্নি নির্বাপণ যানবাহন ও প্রয়োজনীয় জনবলসহ একটি ফায়ার স্টেশন সংরক্ষণ করিতে হইবে।

৮ বহির্গমন ব্যবস্থাঃ-

৮.১ ভবন থেকে বাহির হইবার জন্য অকুপেন্ট লোড ২০ জন বা তাহার অধিক এবং ৫০০ জন বা তাহার কম হইলে ন্যূনপক্ষে ২টি, ৫০১ হইতে ১০০০ জনের জন্য ন্যূনপক্ষে ৩টি এবং ১০০০-এর অধিক ব্যবহারকারীর ক্ষেত্রে ন্যূনপক্ষে ৪টি জরুরি বহির্গমন সিঁড়ি/বহির্গমন পথ রাখিতে হইবে;

৮.২ বহির্গমন পথ/সিঁড়িতে ধোঁয়া, তাপ ও আগুন প্রতিরোধক ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে এবং বহির্গমন পথ/সিঁড়ি পর্যন্ত সকল কর্মীর কর্মস্থল থেকে যাতায়াতের জন্য বাধাহীন পথ নিশ্চিত করিতে হইবে;

৮.৩ বহির্গমন পথ/সিঁড়ি ব্যবহারকারীর কাজের স্থান হইতে ২৩ মিটারের অধিক দূরত্বে হইবে না এবং উহা প্রস্থে ১.১৫ মিটার এবং উচ্চতায় ২.০০ মিটারের কম হইতে পারিবে না। কক্ষের বহির্গমন দরোজা কমপক্ষে ১ মিটার প্রশস্ত এবং ২ মিটার উচ্চতার হইতে হইবে। বহির্গমন পথ ও সিঁড়ির প্রশস্ততা নির্ধারণের ক্ষেত্রে অকুপেন্ট লোড অনুসারে বিএনবিসির অন্যান্য নীতিমালাও প্রযোজ্য হইবে;

৮.৪ ছয় তলা পর্যন্ত উচ্চতা বিশিষ্ট ভবনের কোন সিঁড়ি ১.১৫ মিটারের কম প্রশস্ত হইবে না এবং ষষ্ঠ তলার অধিক উচ্চতাসম্পন্ন ভবনের সিঁড়ি ১.৫ মিটারের কম প্রশস্ত হইবে না এবং বহুতল বিশিষ্ট কারখানা ভবনের ক্ষেত্রে স্প্রিঙ্কলার ব্যবস্থাবিহীন বিল্ডিং এবং স্প্রিঙ্কলার ব্যবস্থা সম্বলিত বিল্ডিং-এর ক্ষেত্রে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোডের বিধানাবলি প্রযোজ্য হইবে। তবে এই বিধিমালা জারির পূর্বে নির্মিত সকল বহুতল বিশিষ্ট কারখানা ভবনের ক্ষেত্রে সিঁড়ির প্রশস্ততা অন্যূন ১.১৫ মিটার হইবে;

৮.৫ বহির্গমন পথ বা সিঁড়িসমূহের ল্যান্ডিং এবং দরোজা বহির্মুখী হইতে হইবে;

৮.৬ কর্মরত এলাকায় উভয় পাশ থেকে কর্মী আসে এমন আইলস বা চলাচল পথ ন্যূনতম ১ মিটার প্রশস্ত এবং শুধু একপাশ থেকে কর্মী আসে এমন আইলস বা চলাচল পথ ন্যূনতম ০.৯ মিটার প্রশস্ত হইতে হইবে। আইলসের উভয় পাশে ন্যূনতম ২ ইঞ্চি প্রশস্ত করে হলুদ মার্কিং-এর মাধ্যমে তা চিহ্নিত করিতে হইবে। আইলসের প্রতি ১৫ ফুটের মধ্যে একটি করে বহির্গমন দিক-নির্দেশক তীর চিহ্ন (অ্যারো মার্ক) থাকিতে হবে। তীর চিহ্ন বা অ্যারো মার্ক দৈর্ঘ্যে ন্যূনতম ১৮ ইঞ্চি এবং প্রস্থে ন্যূনতম ৬ ইঞ্চি হইতে হইবে;

৮.৭ জরুরি পরিস্থিতিতে চলাচল পথ দৃশ্যমান হয় এমনভাবে চলাচল পথের উপরে বিকল্প শক্তিতেও পরিচালিত ইমার্জেন্সি লাইট স্থাপন করিতে হইবে।

৯ অন্যান্য ব্যবস্থা:-

৯.১ বিএনবিসির নিয়ম অনুসারে (যেখানে যেমন প্রযোজ্য) শিল্প প্রতিষ্ঠানের জন্য ম্যানুয়াল কল পয়েন্টসহ ডিটেকশন ও প্রটেকশন সিস্টেম, ফায়ার লিফট, ফায়ার কনট্রোল রুম, অ্যাসেম্বলি এরিয়া, ফায়ার ডোর, সেফটি লবি, রিফিউজি এরিয়া, সার্ভিস ডাক্ট, পিএ সিস্টেম, লাইটিং প্রটেকশন সিস্টেম, ধূমপান ও খোলা বাতির ব্যবহার নিষিদ্ধকরণ সাইন, দৃশ্যমান স্থানে জরুরি প্রতিষ্ঠানসমূহের ফোন নম্বরের তালিকা, স্বতন্ত্র ব্যাকআপ পাওয়ার সংযুক্ত ইমার্জেন্সি লাইট ও এক্সিট সাইন স্থাপন এবং এক বা একাধিক স্থানে বহির্গমন পথের নকশা (Evacuation Plan) প্রদর্শনের ব্যবস্থা রাখিতে হইবে। এগুলো পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করিবার জন্য উপযুক্ত জনবল সংরক্ষণ করিতে হইবে;

৯.২ শিল্প প্রতিষ্ঠানের কর্ম-এলাকা ১০,০০০ বর্গফুট কিংবা কর্মরত জনবল ২০০০ বা তাহার অধিক হইলে ওই প্রতিষ্ঠানের জন্য প্রয়োজনীয় জনবল ও সরঞ্জামসহ একটি ফায়ার কনট্রোল রুম সংরক্ষণ করিতে হইবে;

৯.৩ রাসায়নিক পদার্থের কারখানা ও গুদামের জন্য Automatic High Velocity Water Suppression System/ Foam Suppression System/Gaseous Suppression System/ Dry Chemical Suppression System ইত্যাদির মধ্য হইতে দাহ্যবস্তু এবং আগুনের ঝুঁকি বিবেচনায় মহাপরিচালক কিংবা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা স্থায়ী অগ্নি প্রতিরোধ ব্যবস্থা নির্ধারণ করিয়া অন্যান্য অগ্নি নির্বাপণ সরঞ্জামাদির সহিত সংরক্ষণের নির্দেশ প্রদান করিতে পারিবেন;

৯.৪ শিল্প কারখানা, অন্যান্য বহুতল ভবন ও বাণিজ্যিক ভবনে বৈদ্যুতিক সাব-স্টেশন/ট্রান্সফরমারের অগ্নিনির্বাপণ ব্যবস্থা হিসেবে Automatic High Velocity Water Spray system/ফিক্সড Automatic Inert Gas Suppression System/Fixed Automatic Dry Chemical Powder System স্থাপন করিতে হইবে;

৯.৫ ফায়ার সার্ভিসের গাড়ি যাতায়াত, টার্নিং, অগ্নি নির্বাপণ ও উদ্ধার কাজের সুবিধার জন্য শিল্প প্রতিষ্ঠানের প্রিমিসেসের অভ্যন্তরে অথবা ভবনের যে কোনো একপাশে ন্যূনপক্ষে ৪.৫ মিটার প্রশস্ত রাস্তা থাকিতে হইবে, তবে প্রধান সড়ক ন্যূনপক্ষে ৯ মিটার হইতে হইবে;

৯.৬ তপশিলে বর্ণিত হয় নাই এমন কোন অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থার বিষয়ে অধিদপ্তরের নির্দেশনা গ্রহণ করিতে অথবা বিএনবিসি অনুসরণ করিতে হইবে;

৯.৭ এই বিধিমালার প্রথম তফসিলের ‘অগ্নি নিরাপত্তার মান’-এ বর্ণিত শর্তসমূহ এবং তৃতীয় তফসিল ও ৭ম তফসিলের পাতা-২ ও ৩-এ বর্ণিত শর্তসমূহও এই তফসিলের (ত্রয়োদশ তফসিল) শর্ত হিসেবে গণ্য হইবে;

৯.৮ মহাপরিচালক বা তদ্দারা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা স্থল পথ, নৌ পথ ও আকাশ পথে চলমান সকল ধরনের যানবাহনে প্রাথমিক অগ্নি নির্বাপণ ব্যবস্থা কিংবা এই বিধিমালায় বর্ণিত হয় নাই অথবা বর্ণিত কিন্তু অমীমাংসিত বিষয়ে বাস্তবতার আলোকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান বা আদেশ জারি করিতে পারিবেন।

**খ।		নিয়োজিত জনবলের জন্য নির্ধারিত সার্ভিস চার্জ:-**

| ক্রঃ নং | পদবী | হার | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | সহকারী পরিচালক ও তদুর্ধ (জন প্রতি) | ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা | প্রতি ০৫ ঘন্টা বা অংশ বিশেষের জন্য |
| (২) | উপ-সহকারী পরিচালক (জন প্রতি) | ৫০০/- (পাঁচশত) টাকা | ঐ |
| (৩) | সিনিয়র স্টেশন অফিসার / সমমানের কর্মকর্তা (জন প্রতি) | ৪০০/- (চারশত) টাকা | ঐ |
| (৪) | স্টেশন অফিসার/ সমমানের কর্মকর্তা (জন প্রতি) | ৩০০/- (তিনশত পঞ্চাশ) টাকা | ঐ |
| (৫) | সাব-অফিসার (জন প্রতি) | ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা | ঐ |
| (৬) | লিডার/মাস্টার ড্রাইভার/মেকানিক/ হেড মেকানিক/ সহকারী মেকানিক/ ইলেকট্রিশিয়ান/ আর্মেচার বাইন্ডার/ ড্রাইভার / ইঞ্জিন ড্রাইভার (জন প্রতি) | ২০০/- (দুইশত পঞ্চাশ) টাকা | ঐ |
| (৭) | ফায়ারম্যান / নার্সিং এ্যাটেনডেন্ট/ ডুবুরি (জন প্রতি) | ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা | ঐ |
| (৮) | মশালচি/ বাবুর্চি/ক্লিনার | ১০০/- (একশত) টাকা | ঐ |

গ।		পানি সরবরাহের জন্য নির্ধারিত সার্ভিস চার্জ:

| ক্রঃ নং | গাড়ীর বিবরণ | প্রতি গাড়ী পানি সরবরাহ চার্জ | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | বিশেষ পানিবাহী গাড়ী (১১,০০০ লিটার) | ১০০০/- (এক হাজার) টাকা | প্রতি গাড়ী |
| (২) | পানিবাহী গাড়ী (৬৫০০ লিটার) | | ঐ |
| (৩) | পানিবাহী গাড়ী (৪৩০০ লিটার) | ৪০০/- (চারশত) টাকা | ঐ |
| (৪) | পানিবাহী গাড়ী (১৮০০ লিটার) | ৩০০/- (তিনশত) টাকা | ঐ |

ঘ। কোন ভবন বা স্থানে প্রবেশক্রমে জরিপ, পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন, পরিমাপ ইত্যাদি সম্পর্কিত নির্ধারিত সার্ভিস চার্জ:
অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ এর ২৮ ধারার উপ-ধারা (২) (জ) অনুসারে নিম্ন বর্ণিত ক্ষেত্রসমূহে নিম্নোক্ত ফিস প্রদানযোগ্য হইবে।

| ক্রমিক নং | ভবন বা স্থান | | হার | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | সিএনজি, পেট্রোল-পাম্প, সাব-স্টেশন ইত্যাদি | ঃ | ২০০০/- টাকা | |

উপরিউক্ত বর্ণিত চার্জ এর সাথে জ্বালানি ও লুব্রিকেন্ট খরচ, জনবলের আবাসিক সুবিধা ও অবস্থান, সাজ-সরঞ্জাম সংরক্ষণের জন্য অবকাঠামো খরচ যোগ হইবে।

রাষ্ট্রপতিশক্রমে
.................
উপসচিব।

রাষ্ট্রপতির আদেশক্রমে
.................
উপসচিব।